

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৬৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

### আরবী

وَعَنْ سَلْمَى قَالَتْ: دَخَلْتُ عَلَى أُمِّ سَلَمَةً وَهِي تَبْكي فَقلت: مَا بِيكِيك؟ قَالَتْ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ تَعْنِي فِي الْمَنَامِ \_ وَعَلَى رَأْسِهِ وَلِحْيَتِهِ التُّرَابُ فَقُلْتُ: مَا لَكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «شَهِدْتُ قَتْلَ الْحُسَيْنِ آنِفًا» رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده ضعيف ، رواه الترمذى (3771) \* سلمى : لاتعرف و حديث احمد (1 / 283) عن ابن عباس قال :" رايت رسول الله صلى الله عليه و آله وسلم فى النوم نصف النهار اشعث اغبر و بيده قارورة فيها دم ، قلت : يا رسول الله ما هذا ؟ قال : هذا دم الحسين و اصحابه ، لم ازل اليوم التقطه " سنده حسن ، وهو يغنى عن هذا الحديث الضعيف ، و فى صحيح الحديث شغل عن سقيمه ـ

(ضَعِيف)

#### বাংলা

৬১৬৬-[৩২] সালমা হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি উম্মু সালামাহ্ (রাঃ) -এর কাছে গিয়ে দেখলাম, তিনি কাঁদছেন। প্রশ্ন করলাম, আপনি কেন কাঁদছেন? তিনি বললেন, আমি রাসূলুল্লাহ (সা.)-কে এমন অবস্থায় দেখেছি, অর্থাৎ স্বপ্নে তাঁর মাথা ও দাড়ি ধুলাবালিতে মিপ্রিত। অতঃপর আমি প্রশ্ন করলাম, হে আল্লাহর রাসূল! এ অবস্থা কেন, কি হয়েছে আপনার? তিনি (সা.) বললেন, এইমাত্র হুসায়ন-এর শাহাদাতের স্থানে উপস্থিত হয়েছিলাম।



# ফুটনোট

য'ঈফ: তিরমিয়ী ৩৭৭১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৯৩২৫, আল মুসতাদরাক লিল হাকিম ৬৭৬৪; কারণ সালমা অপরিচিত, হিদায়াতুর রুওয়াত ৫/৪৫৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلَى رَأْسِهِ وَلِحْيَتِهِ التُّرَابُ) অর্থাৎ- নবী (সা.) -এর মাথা ও দাড়ি ধূলিময় দেখলেন।
(آنِفًا) নিকটবর্তী সময়, কাছাকাছি সময় বা কিছুক্ষণ পূর্বে যা ঘটেছে তা বুঝানোর জন্য আনা হয়। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা, ৩৭৮৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন